# ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ২৬

## আরবি মূল আয়াত:

وَ يَسِّرۡ لِیۡۤ اَمۡرِیۡ ﴿ۙ۲۶﴾

## অনুবাদসমূহ:

‘এবং আমার কাজ সহজ করে দিন, — আল-বায়ান

আর আমার জন্য আমার কাজকে সহজ করে দাও। — তাইসিরুল

আমার কাজকে সহজ করে দিন, — মুজিবুর রহমান

And ease for me my task — Sahih International

২৬. এবং আমার কাজ সহজ করে দিন।(১)

(১) দ্বিতীয় দোআ, আমার কাজ সহজ করে দিন। এই উপলব্ধি ও অন্তদৃষ্টিও নবুওয়াতেরই ফলশ্রুতি ছিল যে, কোন কাজের কঠিন হওয়া অথবা সহজ হওয়া বাহ্যিক চেষ্টা-চরিত্রের অধীন নয়। এটাও আল্লাহ্ তা'আলারই দান। তিনি যদি ইচ্ছা করেন তবে কারো জন্য কঠিনতর ও গুরুতর কাজ সহজ করে দেন এবং তিনি ইচ্ছা করলে সহজতর কাজও কঠিন হয়ে যায়। এ কারণেই হাদীসে মুসলিমদেরকে নিম্নোক্ত দো'আ শিক্ষা দেয়া হয়েছে। তারা নিজেদের কাজের জন্য আল্লাহর কাছে এভাবে দোআ করবেঃ “হে আল্লাহ! আপনি যা সহজ করে দেন তা ব্যতীত কোন কিছুই সহজ নেই। আর আপনি চাইলে পেরেশানীযুক্ত কাজও সহজ করে দেন।” [সহীহ ইবনে হিব্বানঃ ৩/২৫৫, হাদীস নং ৯৭৪]

তাফসীরে জাকারিয়া

(২৬) এবং আমার কর্ম সহজ করে দাও।

-

তাফসীরে আহসানুল বায়ান